লেন্স এশিয়া

২৩ নভেম্বর, ২০২৫

# ভূমিকম্প পরবর্তী নিরাপত্তা নিশ্চিতকরণে ঢাকা বিশ্ববিদ্যালয়ে দুই সপ্তাহের ছুটি



সংগৃহীত ছবি

ভূমিকম্প ও ধারাবাহিক আফটার শকের প্রভাবে শিক্ষার্থীদের নিরাপত্তা ও মানসিক স্বাস্থ্যের বিষয়টি সর্বোচ্চ গুরুত্ব দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সব একাডেমিক কার্যক্রম আগামী দুই সপ্তাহ স্থগিত করা হয়েছে। একই সঙ্গে কারিগরি মূল্যায়নের প্রয়োজনীয়তার কারণে রবিবার বিকেল ৫টার মধ্যে সব আবাসিক হল খালি করার নির্দেশনা দিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

শনিবার (২২ নভেম্বর) বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে পাঠানো বিজ্ঞপ্তিতে জানানো হয়, উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সভাপতিত্বে ভার্চুয়ালি অনুষ্ঠিত সিন্ডিকেটের জরুরি সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। সভায় সিন্ডিকেট সদস্য ছাড়াও চিকিৎসা অনুষদের ডিন, ঢাকা মেডিকেল কলেজের অধ্যক্ষ, পরিকল্পনা ও উন্নয়ন দপ্তরের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

সভায় বুয়েটের বিশেষজ্ঞ ও বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল বিভাগের মতামত পর্যালোচনা করে জানানো হয়—ভূমিকম্প-পরবর্তী আবাসিক হলগুলোতে বিস্তারিত কাঠামোগত ঝুঁকি মূল্যায়ন এবং প্রয়োজনীয় সংস্কার জরুরি। এ জন্য হলগুলো সাময়িকভাবে খালি করা ছাড়া বিকল্প নেই।

সিদ্ধান্ত অনুসারে, ৬ ডিসেম্বর পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাস ও পরীক্ষা বন্ধ থাকবে। তবে প্রশাসনিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলবে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।